



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



নং-৪৯.০২.০০০০.০০০.০০০.১১.০০০৭.২৫-১ ৩২৯

তারিখ: ১০.০৫.২০২৬

## রাঙামাটি ও খাগড়াছড়ি জেলায় বোয়েসেল-এর মাধ্যমে সরকারিভাবে হংকং-এ মহিলা ডমেস্টিক হেল্পার নিয়োগ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হংকং-এ বোয়েসেল-এর মাধ্যমে দক্ষ মহিলা ডমেস্টিক হেল্পার নিয়োগের লক্ষ্যে আগ্রহীদের অনলাইনে আবেদন গ্রহণ করা হবে: ?

পদের নাম	সংখ্যা	মাসিক বেতন (হংকং ডলার)	বয়স	ভাষা দক্ষতা (বাধ্যতামূলক)	অভিজ্ঞতা
ডমেস্টিক হেল্পার	১৫০	৫১০০	২২-৪৫ বছর	ক্যান্টোনিজ/ ইংরেজি	সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ বছরের বাস্তব অভিজ্ঞতা

### চাকরির শর্তাবলী:

- শ্রম চুক্তি: ০২ (দুই) বছর;
- কর্মঘন্টা: সপ্তাহে ৬ দিন;
- থাকা: নিয়োগকর্তা বহন করবে;
- খাওয়া: নিয়োগকর্তা বহন করবে;
- বিমান ভাড়া: নিয়োগকর্তা বহন করবে;
- মেডিকেল, বিমা, ছুটি ও অন্যান্য সুযোগ-সুবিধাদি হংকং-এর শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

### অন্যান্য শর্তাবলী:


- সাক্ষাৎকারের সময় প্রার্থীর মূল পাসপোর্ট ইংরেজি জীবন বৃত্তান্ত ও অভিজ্ঞতার সনদসহ অন্যান্য প্রমাণাদি সঙ্গে আনতে হবে;
- চাকরির সাক্ষাৎকার এবং চূড়ান্ত নির্বাচন কোনো প্রার্থীর চাকরির নিশ্চয়তা বহন করে না এবং কর্তৃপক্ষ উক্ত নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;
- যুদ্ধ বিগ্রহ, প্রাকৃতিক বিপর্যয় ও মহামারীর কারণে মধ্যপ্রাচ্য, সিরিয়াসহ বিভিন্ন দেশ হতে বাধ্যতামূলকভাবে ফেরত আসা মহিলা কর্মীগণ পুনরায় বিদেশ গমনে আগ্রহী হলে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে নিয়োগকর্তা কর্তৃক অগ্রাধিকার পাবে।
- আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ অনলাইন ইন্টারভিউ প্রদানের জন্য নিম্নবর্ণিত স্থান ও সময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো:

তারিখ ও বার	স্থান	সময়
১২ মে ২০২৬ খ্রি., মঙ্গলবার	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রাঙামাটি	দুপুর ১.০০ টায়
১৩ মে ২০২৬ খ্রি., বুধবার	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খাগড়াছড়ি	দুপুর ১.০০ টায়

সার্ভিস চার্জ: নিয়োগকর্তা কর্তৃক চূড়ান্ত নির্বাচিত স্বাস্থ্য পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ, ভাট, এআইটি, বিমা, ওয়েজ আর্নান্স ওয়েলফেয়ার ফি, রেজিস্ট্রেশন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ ১,৮৫,৫১০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশ দশ) টাকার পে-অর্ডার “বোয়েসেল, ঢাকা” নামে সোনালী ব্যাংক, মগবাজার শাখা থেকে সম্পন্ন করে বোয়েসেলে মূল কপি জমা দিতে হবে। বাংলাদেশের মেডিকেল টেস্টের ফি কর্মীকে বহন করতে হবে। নির্ধারিত সার্ভিস চার্জের বাহিরে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অর্থ দাবি করলে নিশ্চিত প্রত্যেক হিসেবে বিবেচিত হবে। নগদ লেনদেন থেকে বিরত থাকুন। প্রত্যারণা থেকে সাবধান।

জরুরি প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫, ০২-৫৮৩১১৮৩৮

বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো অর্থ প্রদান করবেন না।  
বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বাংলাদেশে বোয়েসেলের কোনো এজেন্ট/সাব-এজেন্ট/প্রতিনিধি বা শাখা অফিস নেই।

  
১০/০৫/২৬  
মোহাম্মদ হুমায়ুন কবীর  
ডিজিটাল প্র. সাক্ষী

